

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৪৯
তেলিয়ামুড়া, ১ আগস্ট, ২০২৪

কবি নজরুল বিদ্যাভবন দ্বাদশ
শ্রেণী বিদ্যালয়ে কনজিউমার ক্লাব

তেলিয়ামুড়ার কবি নজরুল বিদ্যাভবন দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আজ এক অনুষ্ঠানে কনজিউমার ক্লাবের উদ্বোধন হয়। খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের উদ্যোগে এই কনজিউমার ক্লাবের উদ্বোধন করা হয়। কনজিউমার ক্লাবের উদ্বোধন করেন খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক শীর্ষেন্দু দেববর্মা, মহকুমা খাদ্য আধিকারিক শুভঙ্কর চৌধুরী, বিদ্যালয়ের অধ্যক্ষ বিশুরায় দেববর্মা প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে দপ্তরের অধিকর্তা জানান, রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের পণ্য সামগ্রী ক্রয় করার বিষয়ে সচেতন করার জন্য কনজিউমার ক্লাব চালু করা হচ্ছে। তেলিয়ামুড়ার কবি নজরুল বিদ্যাভবন দ্বাদশ শ্রেণী বিদ্যালয়েই রাজ্যের প্রথম কনজিউমার ক্লাবের উদ্বোধন হলো।
